গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.১৪.১৬২.১৬-৩৭৩ তারিখঃ ১৮/০৬/২০১৭খ্রিঃ

**অফিস আদেশ**

ভূমি মন্ত্রণালয়ের নামপত্তন সেবা প্রদান পদ্ধতিকে ডিজিটাল করার নিমিত্ত নামপত্তন সম্পর্কিত ডিএলএমএস প্রকল্পের ১টি, এ্যাকসেস টু ল্যান্ড প্রকল্পের ১টি, ভূমি সংস্কার বোর্ডের ১টি এবং ইনোভেশনের আওতায় বিভিন্ন সহকারী কমিশনার (ভূমি) গণ কর্তৃক উদ্ভাবিত সফটওয়্যার ১টিসহ মোট ৪টি নামপত্তন সফটওয়্যার পরীক্ষামূলকভাবে ব্যবহৃত হচ্ছে। এ সকল সফটওয়্যারগুলোর বিভিন্ন টেকনিক্যাল আসপেক্ট পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনাপূর্বক যেটি অধিকতর সমন্বিত, ইউজার-ফ্রেন্ডলি এবং রেপ্লিকেটযোগ্য তা বাছাইপূর্বক সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

| ক্রমিক নং | প্রতিনিধি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | ভূমি আপিল বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | ভূমি সংস্কার বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| ৫. | ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৬. | প্রকল্প পরিচালক, ডিএলএমএস প্রকল্প | সদস্য |
| ৭. | প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এন্ড প্রোপার্টি রাইটস ফর অল সিটিজেন অফ বাংলাদেশ প্রকল্প | সদস্য |
| ৮. | মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৯. | কম্পিউটার কাউন্সিল এর ১ জন বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১০. | স্পারসো এর ১ জন বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ১১. | এটুআই প্রকল্পের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ১২. | উপ-সচিব, মাঠ প্রশাসন, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | প্রোগ্রামার | সদস্য |
| ১৫. | জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিনিধি | সদস্য |

০২। **কমিটির কার্যপরিধিঃ**

ক. কমিটি বর্তমানে ভূমি মন্ত্রণালয়ের আওতায় প্রচলিত ৪টি নামপত্তন সফটওয়্যার পর্যালোচনা করবেন।

খ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করবেন।

গ. কমিটি ব্যবহৃত ৪টি সফটওয়্যার হতে কোনটি অধিকতর সমন্বিত, ইউজার-ফ্রেন্ডলি এবং সারাদেশে রেপ্লিকেটযোগ্য সে বিষয়ে সুপারিশ দাখিল করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪০২৭৩

d:\miscellaneous\letter-3.docx